গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর , চট্টগ্রাম

এবং

মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

চট্টগ্রাম বিভাগীয় বস্ত্র অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ০৯টি টিভিআই ৪র্থ শিল্প বিপ্লবের সাথে সামঞ্জস্য রেখে “প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১” এর মাধ্যমে উন্নত তথা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বস্ত্র শিল্পে বিশেষ করে গার্মেন্টস সেক্টরের Floor level এ দক্ষ মানব সম্পদ (Skilled Manpower) তৈরি করছে। সেই সাথে “জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষমাত্রা-২০৩০” বাস্তবায়নের স্বপ্ন নিয়ে বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের আঞ্চলিক অফিস হিসেবে বস্ত্র অধিদপ্তরের চট্টগ্রাম কার্যালয় এ খাত সংশ্লিষ্ট সেবাগ্রহীতাদের নিয়মিত সেবা প্রদান করে যাচ্ছে। অত্র বিভাগীয় বস্ত্র অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হতে বিগত ০৩ (তিন) বছরে এসএসসি (ভোকঃ) টেক্সটাইল শিক্ষাক্রমে ৩৫২৯ জন শিক্ষার্থী ভর্তি করা হয়েছে, চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ৩৪৫৯ জন এবং উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ৩১৩৫ জন, পাশের হার ৯০.৬৩%। বিগত তিন বছরে পোষকের কাজের আবেদন নিষ্পত্তি হয়েছে ৬২৪টি, নিষ্পত্তির হার ৯৯% (প্রায়)। পোষকের কাজের অংশ হিসেবে ৩ বছরে বস্ত্র শিল্প কারখানায় ২০৮ বার পরিদর্শন করা হয়েছে। বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের কাজের মাধ্যমে বিগত ৩ (তিন) অর্থবছরে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১১ লক্ষ্যের অধিক টাকা রাজস্ব আদায় হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

স্থায়ী অবকাঠামোর অভাব, অপ্রতুল শ্রেণিকক্ষ, দক্ষ/অভিজ্ঞ শিক্ষক ও প্রশিক্ষকের অভাব, শিক্ষক/কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা না থাকা, কম্পিউটার-এর অপর্যাপ্ততা, শিক্ষক/কর্মচারীদের আইসিটি জ্ঞানের স্বল্পতা, শিল্প কারখানায় শিক্ষার্থীদের প্রশিক্ষণের সুযোগের অপর্যাপ্ততা, আধুনিক যন্ত্রপাতি ও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব এবং অধীনস্থ টিভিআইসমূহের নিজস্ব ওয়েবসাইট না থাকা বা থাকলেও তা পরিচালনার সক্ষমতা না থাকা ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

এসএসসি (ভোকঃ) টেক্সটাইল শিক্ষার হার ও মান বৃদ্ধি করা, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের সাথে যৌথভাবে Need-based curriculum প্রণয়নে সহযোগিতা করা, বস্ত্র শিল্প কারখানায় বিশেষ করে গার্মেন্টস শিল্পের Floor-level এ চাহিদা মোতাবেক দক্ষ টেকনিশিয়ান তৈরি করা এবং ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় পোষক কর্তৃপক্ষ হিসেবে বস্ত্রশিল্পের বিকাশে সহযোগিতা জোরদার করা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১. ১১০০টি আসনে শিক্ষার্থী ভর্তি করা এবং ৮৫% শিক্ষার্থী এসএসসি ( টেক্সটাইল ভোকঃ ) পরীক্ষায় উত্তীর্ণ করা;
- ২.বরাদ্দ অনুসারে প্রায় শতভাগ কাঁচামাল ব্যবহার নিশ্চিত করা;
- ৩.অধীনস্ত টিভিআইসমূহের তত্ত্বাবধান জোরদার করা;
- ৪. পোষক কর্তৃপক্ষের সেবা প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা;
- ৫. বাজেটের প্রায় শতভাগ বাস্তবায়ন করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর , চট্টগ্রাম

এবং

মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই বস্ত্রখাত সৃষ্টিতে সহযোগিতা জোরদারকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

মানসম্মত শিক্ষা প্রদানে সকল উপাদানের যথাযথ ব্যবহার ও বস্ত্র শিল্পকে সহায়তার মাধ্যমে এ খাতের অগ্রগতি সাধন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. এসএসসি টেক্সটাইল (ভোকঃ) সার্টিফিকেট অর্জনে সহযোগিতার মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;
২. টিভিআইসমূহ তত্ত্বাবধানের দ্বারা পরোক্ষভাবে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা ;
৩. বাজেটের সুষ্ঠ বাস্তবায়নের ফলে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ;
৪. বস্ত্র শিল্পের উন্নয়নে সহযোগিতার বিনিময়ে রপ্তানি ত্বরান্বিতকরণ;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বস্ত্রশিক্ষা সংক্রান্ত কাজ বিশেষ করে অধীনস্থ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট-এর শিক্ষাকার্যক্রম পরিচালনা;
২. বস্ত্রশিল্পের পোষক কর্তৃপক্ষের (বস্ত্র অধিদপ্তরের) বিভাগীয় অফিস হিসেবে কাজ করা;
৩. আওতাধীন প্রতিষ্ঠানসমূহের সার্বিক তত্ত্বাবধান;
৪. নাগরিক সেবার পাশাপাশি অত্র কার্যালয় ও অধীনস্থ প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীর অত্র কার্যালয়ের এখতিয়ারভুক্ত অভ্যন্তরীণ সেবা প্রদান করা;

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| ২০২৬ সালের মধ্যে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | কর্মসংস্থানের প্রবৃদ্ধি | শতকরা হার (%) | ৯৫ | ৪৭৫ | ৭০০ | ৪০০ | ১৫০ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়/বস্ত্র অধিদপ্তর/বিভগীয় বস্ত্র অধিদপ্তর,চট্টগ্রাম | বস্ত্র অধিদপ্তর |
| ২০২৬ সালের মধ্যে বস্ত্র খাতে কারিগরি জ্ঞানসম্পন্ন মানব সম্পদ তৈরি | মানব সম্পদ তৈরিতে প্রবৃদ্ধি | শতকরা হার (%) | ২১.২১ | ১৭.২৪ | ১৭.৯৬ | ১৮.৫৮ | ১৯.২০ | বস্ত্র অধিদপ্তর/বাকাশিবো/বুটেক্স/বিভগীয় বস্ত্র অধিদপ্তর,চট্টগ্রাম | বস্ত্র অধিদপ্তর/বাকাশিবো/বুটেক্স |
| জাতীয় বাজেট বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান | বাজেট বাস্তবায়নের হার বৃদ্ধি | শতকরা হার (%) | ১০.১১ | ১১.২৯ | ১২ | ১৩ | ১৪ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়/অর্থ বিভাগ/বস্ত্র অধিদপ্তর/বিভগীয় বস্ত্র অধিদপ্তর,চট্টগ্রাম | অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ |
| ২০২৬ সালের মধ্যে জাতীয় রপ্তানিতে তৈরি পোষাক খাতে সহায়তা | রপ্তানি আয়ে প্রবৃদ্ধি | শতকরা হার (%) | ৩৫.৪৭ | ২২.৬৪ | ৫৮.৯৫ | ৭৮.৮৫ | ৯০.৭৪ | বস্ত্র অধিদপ্তর/বাণিজ্য মন্ত্রণালয়/ বস্ত্র খাত সংশ্লিষ্ট সংগঠনসমূহ/বাংলাদেশ ব্যাংক/বিভগীয় বস্ত্র অধিদপ্তর,চট্টগ্রাম | রপ্তানি উন্নয়ন ব্যুরো/বাংলাদেশ ব্যাংক |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] এসএসসি টেক্সটাইল (ভোকঃ) সার্টিফিকেট অর্জনে সহযোগিতার মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; | ২০ | [১.১] বস্ত্রখাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির প্রথমিক ধাপ হিসেবে নবম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তিকরণ; | [১.১.১] ভর্তিকৃত শিক্ষার্থী; | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | ১০৬১ | ১১১৬ | ১১০০ | ১০৮৫ | ১০৭৫ | ১০৬১ | ১০০০ | ১১৪০ | ১১৫০ |
| | | [১.২] বস্ত্রখাতে কর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে এসএসসি টেক্সটাইল (ভোকঃ) পরীক্ষায় অংশগ্রহণ; | [১.২.১]উত্তীর্ণ শিক্ষার্থী; | ক্রমপুঞ্জিভূত | % | ১০ | ৯৩.৫০ | ৯০.৫৩ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৮৫ | ৮৫ |
| [২] টিভিআইসমূহ তত্ত্বাবধানের দ্বারা পরোক্ষভাবে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা ; | ২০ | [২.১] দক্ষ মানবসম্পদের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে অনলাইন পরিবীক্ষণ/সরেজমিনে পরিদর্শন; | [২.১.১] পরিদর্শনকৃত টিভিআই; | সমষ্টি | সংখ্যা | ১৫ | ৯ | ৯ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৯ | ৯ |
| | | [২.২] প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির উদ্দেশ্যে অফলাইন পরিবীক্ষণ/ জুম সভা আয়োজন; | [২.২.১] আয়োজিত জুম সভা; | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] বাজেটের সুষ্ঠ বাস্তবায়নের ফলে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ; | ২০ | [৩.১] বাজেট বাস্তবায়নের হার বৃদ্ধিতে বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রেরণ; | [৩.১.১] প্রেরিত বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা; | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৭.২৩ | ৩১.০৮.২৩ | ৩০.০৯.২৩ | ৩১.১০.২৩ | ৩০.১১.২৩ | ৩১.০৭.২৪ | ৩১.০৭.২৫ |
| | | [৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নের হার প্রতিবেদন প্রস্তুতকরণ; | [৩.২.১] প্রেরিত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নের হার প্রতিবেদন; | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [৩.৩] বাজেটের সুষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দ অনুসারে কাঁচামাল ব্যবহার নিশ্চিতকরণ; | [৩.৩.১] ব্যবহৃত কাঁচামালের পরিমাণ; | ক্রমপুঞ্জিভূত | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| [৪] বস্ত্র শিল্পের উন্নয়নে সহযোগিতার বিনিময়ে রপ্তানি ত্বরান্বিতকরণ; | ১০ | [৪.১] রপ্তানি প্রবৃদ্ধির স্বপ্নে পোষক কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত আবেদন নিস্পত্তি; | [৪.১.১] নিস্পত্তিকৃত আবেদন; | গড় | % | ৫ | ৯৯ | ৯৯ | ১০০ | ৯৯ | ৯৮ | ৯৭ | ৯৬ | ১০০ | ১০০ |
| | | [৪.২] রপ্তানিকারকদের তথ্য প্রকাশের জন্য বস্ত্র শিল্পের ডাটাবেস ওয়েবসাইটে প্রকাশ; | [৪.২.১] ওয়েবসাইটে প্রকাশিত ডাটাবেস ; | তারিখ | তারিখ | ৫ | | ৩০.০৩.২৩ | ৩০.০৪.২৪ | ১৫.০৫.২৪ | ৩১.০৫.২৪ | ১৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | ৩০.০৪.২৫ | ৩০.০৪.২৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ | | | | | | | ১০ | ১০ |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ৫ | | | | | | | ১০ | ১০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ২ | | | | | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ২ | | | | | | | ৩ | ৩ |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ২ | | | | | | | ৩ | ৩ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর , চট্টগ্রাম, মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর হিসাবে উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর , চট্টগ্রাম-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.......................................................... ..........................................................

উপপরিচালক
বিভাগীয় বস্ত্র অধিদপ্তর , চট্টগ্রাম

তারিখ

.......................................................... ..........................................................

মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ২ | টিভিআই | টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট |
| ৩ | বাকাশিবো | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড |
| ৪ | বুটেক্স | বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বস্ত্রখাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির প্রথমিক ধাপ হিসেবে নবম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তিকরণ; | [১.১.১] ভর্তিকৃত শিক্ষার্থী; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম ও টিভিআইসমূহ | সমন্বিত এমআইএস এর ভর্তি সংক্রান্ত তথ্য/ ভর্তি রেজিস্ট্রেশনের সামারি সিট |
| [১.২] বস্ত্রখাতে কর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে এসএসসি টেক্সটাইল (ভোকঃ) পরীক্ষায় অংশগ্রহণ; | [১.২.১] উত্তীর্ণ শিক্ষার্থী; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম, বাকাশিবো ও টিভিআইসমূহ | বোর্ড কর্তৃক প্রদেয় শিক্ষাপ্রতিষ্ঠান ভিত্তিক পাশকৃত শিক্ষার্থীদের শতকরা হিসাব সংক্রান্ত তথ্য/সামারি সিট |
| [২.১] দক্ষ মানবসম্পদের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে অনলাইন পরিবীক্ষণ/সরেজমিনে পরিদর্শন; | [২.১.১] পরিদর্শনকৃত টিভিআই; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম ও টিভিআইসমূহ | পরিদর্শন প্রতিবেদনের অগ্রগামী পত্র/সামারি সিট |
| [২.২] প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির উদ্দেশ্যে অফলাইন পরিবীক্ষণ/ জুম সভা আয়োজন; | [২.২.১] আয়োজিত জুম সভা; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম ও টিভিআইসমূহ | স্থিরচিত্র/অফলাইন পরিবীক্ষণ রিপোর্ট |
| [৩.১] বাজেট বাস্তবায়নের হার বৃদ্ধিতে বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রেরণ; | [৩.১.১] প্রেরিত বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম | বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা |
| [৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নের হার প্রতিবেদন প্রস্তুতকরণ; | [৩.২.১] প্রেরিত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নের হার প্রতিবেদন; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম | ত্রৈমাসিক ভিত্তিতে বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
| [৩.৩] বাজেটের সুষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দ অনুসারে কাঁচামাল ব্যবহার নিশ্চিতকরণ; | [৩.৩.১] ব্যবহৃত কাঁচামালের পরিমাণ; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম ও টিভিআইসমূহ | শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ব্যয় বিবরণী/ তার সামারি সিট |
| [৪.১] রপ্তানি প্রবৃদ্ধির স্বপ্নে পোষক কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত আবেদন নিস্পত্তি; | [৪.১.১] নিস্পত্তিকৃত আবেদন; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম | পোষকের প্রাপ্তি/নিস্পত্তি রিপোর্ট |
| [৪.২] রপ্তানিকারকদের তথ্য প্রকাশের জন্য বস্ত্র শিল্পের ডাটাবেস ওয়েবসাইটে প্রকাশ; | [৪.২.১] ওয়েবসাইটে প্রকাশিত ডাটাবেস ; | বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম | ওয়েবসাইটের স্ক্রিনসট |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বাজেটের সুষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দ অনুসারে কাঁচামাল ব্যবহার নিশ্চিতকরণ; | ব্যবহৃত কাঁচামালের পরিমাণ; | টিভিআই | সভা/সেমিনার/প্রশিক্ষণ/পরিদর্শন |
| দক্ষ মানবসম্পদের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে অনলাইন পরিবীক্ষণ/সরেজমিনে পরিদর্শন; | পরিদর্শনকৃত টিভিআই; | টিভিআই | সভা/সেমিনার/প্রশিক্ষণ/পরিদর্শন |
| প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির উদ্দেশ্যে অফলাইন পরিবীক্ষণ/ জুম সভা আয়োজন; | আয়োজিত জুম সভা; | টিভিআই | সভা/সেমিনার/প্রশিক্ষণ/পরিদর্শন |
| বস্ত্রখাতে কর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে এসএসসি টেক্সটাইল (ভোকঃ) পরীক্ষায় অংশগ্রহণ; | উত্তীর্ণ শিক্ষার্থী; | টিভিআই | সভা/সেমিনার/প্রশিক্ষণ/পরিদর্শন |
| বস্ত্রখাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির প্রথমিক ধাপ হিসেবে নবম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তিকরণ; | ভর্তিকৃত শিক্ষার্থী; | টিভিআই | সভা/সেমিনার/প্রশিক্ষণ/পরিদর্শন |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ